# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৭৩: মীলাদুন্নবী অনুষ্ঠান উদযাপন করা সুন্নাত নাকি বিদ‘আত?

মীলাদুন্নবী অনুষ্ঠান পালন করার কোনো দলীল কুরআন ও সহীহ হাদীসে নেই। কোনো সাহাবী থেকেও এমর্মে কিছুই বর্ণিত হয় নি। এমনকি চার ইমামের কেউও এর পক্ষে কথা বলেন নি। বরং নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যুর কয়েক যুগ পরে খ্রিষ্টানদের অনুসরণে ফাতেমীরা সর্বপ্রথম এ বিদ‘আত চালু করে। কারণ খ্রিষ্টানরা ঈসা আলাইহিস সালামের জন্ম বার্ষিকী পালন করে থাকে। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বিদ‘আত থেকে হুশিয়ার করে বলেন, “যে ব্যক্তি আমাদের শরী‘আতে নতুন কিছু সৃষ্টি করল, তার সৃষ্ট সেই আমল প্রত্যাখ্যাত’ *(বুখারী)*।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1557

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন